# 2018

## BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) 'ধরায় দেবতা চাহি' কবিতাটি কার লেখা ?

(খ) 'আমার শপতি লাগে না ধাইও ______ আগে'

শূন্যস্থান পূর্ণ করো

(গ) 'চাঁদের পাহাড়' পাঠটির নায়ক কাকে বলে তোমার মনে হয় ?

(ঘ) 'ফিন্‌ল্যান্ডে' অমিয় চক্রবর্তীর কোন গ্রন্থের অন্তর্ভুক্ত ?

(ঙ) 'কোমরগঞ্জ' কোথায় অবস্থিত ?

(চ) 'রিখটার' কী ?

(ছ) 'মধু বাতা ঋতায়তে' পাঠটি বিভূতিভূষণের কোন গ্রন্থের অবলম্বনে লেখা ?

(জ) 'সাজঘর' কোন ধরনের নাটক ?

(ঝ) 'সাজঘর' নাটকে উল্লেখিত 'রঙ্গ-ব্যঙ্গ' কী ?

(ঞ) 'কে এ কামিনী' নাটকটি মঞ্চস্থ করার উদ্যোগ কারা নিয়েছিল ?

২। সংক্ষেপে উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) "সেকালে দেবতা গোলক তেয়াগি মাটির ধরায় নরের গেহে"

'তেয়াগি' ও 'গেহে' শব্দের গদ্যরূপ লেখো।

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কত বৎসর বয়সে কোন পাঠশালায় প্রথম ভর্তি হয়েছিলেন ?

(গ) গণপতি কাঞ্জিলাল কোন সংস্কৃতি সম্মেলনের পক্ষ থেকে সর্বদমনকে 'নটনক্ষত্র' প্রদান করার কথা বলেছিলেন ? কেন তিনি এই সম্মান দিতে চেয়েছিলেন ?

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'এই কি লভিলি লাভ অনাহারে অনিদ্রায় ?'

কবির এই আক্ষেপের কারণ কী ?

(খ) 'ধরায় দেবতা চাহিগো চাহি' — কবি কেন ধরায় দেবতার প্রয়োজন অনুভব করেছেন ?

(গ) 'এ বয়স তবু নতুন কিছু তো করে' — এখানে কোন বয়সের কথা বলা হয়েছে ? তারা নতুন কী কী করে সংক্ষেপে লেখো।

৪। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) পাঠ্যাংশ অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অঙ্ক শিক্ষার পরিচয় দাও।

(খ) "কিন্তু পিসিমা তাহার সেই সুখবাসনায় একদিনের জন্যেও প্রশ্রয় দেননি।" — পিসিমা কার সুখবাসনায় প্রশ্রয় দেননি ? কিসের সুখবাসনা ? কী করে পিসিমা সুখবাসনায় বাধা দিয়েছিলেন ?

(গ) ফিন্‌ল্যান্ডের সবচেয়ে বিখ্যাত গল্প লেখকের নাম কী ? তিনি কোন পুরস্কারে সম্মানিত হয়েছিলেন ? তাঁর রচিত একখানি গ্রন্থের নাম লেখো।

৫। উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) 'চাঁদের পাহাড়' পাঠ্যাংশটিতে আত্তিলিও গাত্তির উল্লেখ রয়েছে। তিনি কে ছিলেন ? তার চিঠির বয়ান তোমার নিজের ভাষায় লেখো।

*অথবা*

জয়কালী দেবীর চরিত্রচিত্রণ করো।

৬। উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) বীরসিংহের পাঠশালায় পণ্ডিত কালীকান্ত চট্টোপাধ্যায়ের শিক্ষাদানের নিপুণতা সংক্ষেপে বর্ণনা করো।

*অথবা*

'ফিন্‌ল্যান্ডে' পাঠটি অবলম্বনে ফিন্‌দের ঐশ্বর্য ও সম্পদ্‌ সম্বন্ধে লেখো।

(খ) 'বাল্যলীলা' পদটির সারসংক্ষেপ তৈরি করো।

*অথবা*

'ধরায় দেবতা চাহি' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

৭। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৪+৪=৮

(ক) ভূমিকম্পের আগে কী কী সাবধানতা অবলম্বন করা উচিত ?

*অথবা*

কৃত্রিম বা আকস্মিক দুর্ঘটনাজনিত দুর্যোগ বলতে কী বোঝ ? সেগুলি কত প্রকার ?

(খ) "সার্বিক চেতনার উন্মেষে মানুষ অরণ্যপ্রকৃতি ছন্দ যেন জীবনে আবার জীবন যোগ করে।"
ব্যাখ্যা করো।

*অথবা*

"সবুজ ধ্বংসের ফলে, পৃথিবীতে তাপমাত্রা বেড়েই চলেছে। জলস্ফীতি ঘটছে, বায়ু আবহাওয়ার ভীষণ পরিবর্তন হচ্ছে।" — উদাহরণসহ আলোচনা করো।

৮। ব্যাখ্যা করোঃ ৫×২=১০

(ক) মাৎসর্য-বিষদশন, কামড়ে রে অনুক্ষণ!
এই কি লভিলি লাভ
অনাহারে অনিদ্রায় ?

*অথবা*

দধীচির হাড় ইন্দ্রের হাতে
বজ্র হয়ে আছে, রবে চিরদিন, মানবেরে দিয়া
দেবের জয় ;

(খ) সাহস ও নির্ভীকতা এক জিনিস, জ্ঞান ও অভিজ্ঞতা সম্পূর্ণ অন্য জিনিস।

*অথবা*

এই বিগ্রহটির নিকট তিনি একান্তরূপে জননী, পত্নী, দাসী — ইহার কাছে, তিনি সতর্ক, সুকোমল, সুন্দর এবং সম্পূর্ণ অবনম্র।

৯। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) "আমরা সবাই সাজঘরের সঙ্। কিন্তু তুই সেই সঙের দলে আসল সোনা।" কে, কাকে এই কথা বলেছেন ? তাকে এরকম বলার কারণ কী ?

(খ) 'সাজঘর' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'সাজঘর' নাটকের দুই তরুণীর আচার ব্যবহার, কথাবার্তার পরিচয় দাও।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) ণত্ববিধি ও ষত্ববিধির সূত্র নির্দেশ করে অশুদ্ধি সংশোধন করো ঃ *(যে কোনো চারটি)* ১×৪=৪

ব্রাহ্মন ; বরাণুগমন ; পাষান ; নিক্বন ; ঋন ; নারায়ন।

(খ) *যে কোনো পাঁচটির* কারক-বিভক্তি নির্ণয় করো ঃ ১×৫=৫

*(i)* আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে ?

*(ii)* ওই মাটিতে প্রচুর শস্য ফলে।

*(iii)* রাজায়-রাজায় যুদ্ধ হয়।

*(iv)* সুসন্তানে বংশের মুখ উজ্জ্বল হয়।

*(v)* অনুতাপ পাপীকে সাধু করে।

*(vi)* অন্নহীনে অন্ন দান করো।

(গ) চলিত ভাষায় রূপান্তরিত করো ঃ ১×৫=৫

*(i)* লোকহিতকর কাজে অল্প অল্প করিয়া আমাদের প্রবৃত্তি হইয়াছে।

*(ii)* কোনো পীড়িত ব্যক্তিও কটু ও তিক্ত ঔষধ ভক্ষণ করিতে সম্মত হন না।

*(iii)* অধিকাংশ ব্যক্তিরই আত্মোৎসর্গের পশ্চাতে সর্বদা হয়তো যুক্তিসঙ্গত কারণ খুঁজিয়া পাওয়া যাইবে না।

*(iv)* ভারতের জাতীয় জীবন দুর্বল হইয়া পড়িয়াছে বলিয়াই তাহাদের মধ্যে কুসংস্কার ও দৈবনির্ভরতা বৃদ্ধি পাইয়াছে।

*(v)* যাহাতে মানুষ প্রস্তুত হয়, এমন সর্বাঙ্গ শিক্ষার প্রয়োজন।

(ঘ) নিম্নলিখিত শব্দগুলির থেকে *যে কোনো পাঁচটির দুটি* করে সমার্থক শব্দ লেখো ঃ ১×৫=৫

রাত্রি ; আগুন ; বৃক্ষ ; জল ; রাণি ; পুত্র।

১১। (ক) ভাবসম্প্রসারণ করো ঃ ৬

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

*অথবা*

মেঘ দেখে কেউ করিসনে ভয়

আড়ালে তার সূর্য হাসে।

(খ) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫

একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল। ভিড়ে যোগদান করে নাই। লোকটির চেহারা অদ্ভুত। খোঁচা খোঁচা গোঁফদাড়ি, তৈলবিহীন রুক্ষ চুল, আরক্ত নয়ন। পরিধানে একটা ময়লা হাফ-প্যান্ট এবং একটা ময়লাগোছের ফতুয়া। খোঁচা-খোঁচা গোঁফদাড়িতে ছাতু লাগিয়া চেহারাটা আরও দৃষ্টিকটু হইয়াছে। নিতান্ত নিরুৎসাহভাবে আপন মনে সে ভোজন করিতেছিল। এমন সময়ে ভিড়ের ভিতর হইতে একটা কলরব উঠিল। কলরবে আকৃষ্ট হইয়া জনতার দিকে সে কিছুক্ষণ ভ্রূকুঞ্চিত করিয়া চাহিয়া রহিল। তাহার পর কি মনে করিয়া একটু হাসিল এবং অবশেষে উঠিয়া ভিড়ের দিকে অগ্রসর হইল। ভাবখানা—ব্যাপারটা কি দেখাই যাক না! ভিড়ের নিকটে গিয়া একজন লোককে প্রশ্ন করিল, এখানে এত ভিড় কিসের ?

গোখরো-সাপটা ধরা পড়েছে।

কোন্ গোখরো সাপ ?

যে গোখরো-সাপটা আজ সকালে ন্যাপলাকে কামড়েছিল।

ন্যাপলা কে ?

হারু ঘোষের মেজ ছেলে।

**প্রশ্নাবলি ঃ**

*(i)* লোকটা কোথায় বসেছিল এবং কী খাচ্ছিল ?

*(ii)* তার অদ্ভুত চেহারা আরো দৃষ্টিকটু লাগছিল কেন ?

*(iii)* জনতার কলরব শুনে সে কি করেছিল ?

*(iv)* অংশটিতে কোন জাতের সাপের প্রসঙ্গ রয়েছে ?

*(v)* ন্যাপলা কে ?

*অথবা*

ছিপখান তিন-দাঁড় —
তিনজন মাল্লা
চৌপর দিন-ভোর
দ্যায় দূর পাল্লা

কঞ্চির তীর-ঘর
ঐ চর জাগছে,
বন-হাঁস ডিম তার
শ্যাওলায় ঢাকছে।

চুপ চুপ-ওই ডুব
দ্যায় পানকৌটি,
দ্যায় ডুব টুপ টুপ
ঘোমটার বউটি।

রূপশালি ধান বুঝি
এই দেশে সৃষ্টি,
ধুপছায়া যার শাড়ি
তার হাসি মিষ্টি।

**প্রশ্নাবলি ঃ**

*(i)* কবিতাংশটিতে কয়খানি দাঁড় এবং কয়জন মাল্লার কথা বলা হয়েছে ?

*(ii)* কিসের ডিম-এর কথা বলা হয়েছে ?

*(iii)* হাঁস ছাড়া এখানে অন্য একটি পাখির উল্লেখ রয়েছে। সেটি কী ?

*(iv)* এখানে কোন ধানের কথা বলা হয়েছে ?

*(v)* অংশটিতে কোন ধরনের শাড়ির কথা রয়েছে ?

——×——